



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট  
www.sylhetboard.gov.bd


স্মারক নং- সিশিবো/প্রশা-০১/২০২৪/৮৭২

তারিখ: ২০ কার্তিক ১৪৩১  
০৫ নভেম্বর ২০২৪


বিষয়: অ্যাডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর আওতাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি নির্বাচন ০৫-০৮-২০২৪ তারিখের পূর্বে অনুষ্ঠিত হয়েছে এবং অত্র শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদন প্রক্রিয়াধীন, সার্বিক বিবেচনায় উক্ত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি অনুমোদনের সুযোগ নেই। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনা ও পরবর্তী নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের লক্ষ্যে অ্যাডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
(চৌধুরী মামুন আকবর)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।



প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

এর আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয়/উচ্চমাধ্যমিক কলেজ/উচ্চমাধ্যমিক স্তরযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৭। সংরক্ষণ নথি।